শেখাপড়া.COM

www.shekhapora.com

আপার প্রাইমারি এবং প্রাইমারি টেটের **(Upper Primary & Primary TET)** প্রস্তুতির জন্য এই অংশটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

# বুদ্ধি এবং এর বিভিন্ন তত্ত্ব:

## ১. বুদ্ধির সংজ্ঞা (Definition of Intelligence)

সাধারণ অর্থে বুদ্ধি হলো কোনো ব্যক্তির পরিবেশের সাথে মানিয়ে নেওয়ার এবং যেকোনো সমস্যা সমাধান করার মানসিক ক্ষমতা। বিভিন্ন মনোবিজ্ঞানী বুদ্ধিকে বিভিন্নভাবে সংজ্ঞায়িত করেছেন:

- ডেভিড ওয়েক্সলার **(David Wechsler):** "বুদ্ধি হলো ব্যক্তির এমন এক সামগ্রিক ক্ষমতা, যার দ্বারা সে উদ্দেশ্যপূর্ণভাবে কাজ করতে পারে, যুক্তিপূর্ণভাবে চিন্তা করতে পারে এবং পরিবেশের সাথে সফলভাবে মোকাবিলা করতে পারে।"
- টারম্যান **(Terman):** "বিমূর্ত চিন্তা করার ক্ষমতাই হলো বুদ্ধি।"
- উডওয়ার্থ **(Woodworth):** "বুদ্ধি হলো কার্যপদ্ধতি বা কাজ করার একটি বিশেষ উপায়।"

## ২. বুদ্ধির বৈশিষ্ট্য (Characteristics of Intelligence)

- সহজাত ও অর্জিত: বুদ্ধি মূলত একটি জন্মগত বা সহজাত ক্ষমতা, তবে উপযুক্ত পরিবেশ ও শিক্ষার মাধ্যমে এর বিকাশ ঘটে।
- অভিযোজন ক্ষমতা: নতুন এবং জটিল পরিস্থিতির সাথে নিজেকে মানিয়ে নেওয়ার ক্ষমতাই বুদ্ধি।
- বিমূর্ত চিন্তা: কোনো মূর্ত বা দৃশ্যমান বস্তু ছাড়াই প্রতীক, ধারণা বা চিহ্নের সাহায্যে চিন্তা করার ক্ষমতা।
- শিখনের ক্ষমতা: অতীত অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে নতুন সমস্যার দ্রুত সমাধান করা।
- ব্যক্তিগত পার্থক্য: বংশগতি ও পরিবেশের পার্থক্যের কারণে ব্যক্তিভেদে বুদ্ধির তারতম্য দেখা যায়।

## ৩. বুদ্ধির প্রকারভেদ (Types of Intelligence)

মনোবিজ্ঞানী ই. এল. থর্নডাইক **(E. L. Thorndike)** বুদ্ধিকে প্রধানত তিনটি ভাগে ভাগ করেছেন:

1. মূর্ত বুদ্ধি **(Concrete/Mechanical Intelligence):** কোনো বস্তু বা যন্ত্র পরিচালন করার ক্ষমতা। যেমন—ইঞ্জিনিয়ার, মেকানিক বা মিস্ত্রিদের এই বুদ্ধি বেশি থাকে।
2. বিমূর্ত বুদ্ধি **(Abstract Intelligence):** শব্দ, প্রতীক, সংখ্যা বা তত্ত্ব নিয়ে চিন্তা করার ক্ষমতা। যেমন—কবি, দার্শনিক, বিজ্ঞানী বা গণিতবিদদের এই বুদ্ধি প্রবল হয়।
3. সামাজিক বুদ্ধি **(Social Intelligence):** সমাজ বা অন্যান্য মানুষের সাথে সুসম্পর্ক বজায় রাখা এবং তাদের আচরণ বোঝার ক্ষমতা। যেমন—নেতা, সমাজকর্মী বা শিক্ষকদের এই বুদ্ধি বেশি থাকে।

## ৪. বুদ্ধির বিভিন্ন তত্ত্ব (Theories of Intelligence)

WB TET পরীক্ষার জন্য নিচের তত্ত্বগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ:

### ক) স্পিয়ারম্যানের দ্বিউপাদান তত্ত্ব (Spearman's Two-Factor Theory - 1904)

মনোবিজ্ঞানী চার্লস স্পিয়ারম্যানের মতে, মানুষের যেকোনো বৌদ্ধিক কাজের জন্য দুটি উপাদান প্রয়োজন:

- সাধারণ উপাদান **(G-Factor / General Factor):** এটি জন্মগত, সর্বজনীন এবং যেকোনো মানসিক কাজের জন্য এটি কম-বেশি প্রয়োজন হয়।
- বিশেষ উপাদান **(S-Factor / Specific Factor):** এটি অর্জিত এবং কোনো একটি নির্দিষ্ট কাজের জন্য প্রয়োজন হয় (যেমন—গান গাওয়া বা ছবি আঁকা)।

স্পিয়ারম্যানের দ্বিউপাদান তত্ত্বের বিস্তারিত আলোচনা ও **PDF** পেতে নিচের **QR** টি স্ক্যান করুন

### খ) থর্নডাইকের বহু-উপাদান তত্ত্ব (Thorndike's Multifactor Theory)

থর্নডাইক স্পিয়ারম্যানের 'G' উপাদানের অস্তিত্ব অস্বীকার করেন। তাঁর মতে, বুদ্ধি অসংখ্য ক্ষুদ্র ও স্বতন্ত্র উপাদানের সমষ্টি। প্রতিটি মানসিক কাজের জন্য আলাদা আলাদা উপাদান কাজ করে। একে **'পরমাণুবাদী তত্ত্ব' (Atomistic Theory)** বা **'বালির ঢিবি তত্ত্ব' (Anarchic/Sand Theory)** বলা হয়।

থর্নডাইকের বহু-উপাদান তত্ত্বের বিস্তারিত আলোচনা ও **PDF** পেতে নিচের **QR** টি স্ক্যান করুন

### গ) থার্স্টোনের দলগত উপাদান তত্ত্ব (Thurstone's Primary Mental Abilities / Group Factor Theory)

লুই থার্স্টোন বলেন, বুদ্ধি ৭টি প্রাথমিক মানসিক ক্ষমতার (Primary Mental Abilities - PMA) সমন্বয়ে গঠিত:

1. **V (Verbal Comprehension):** বাচনিক বোধশক্তি।
2. **W (Word Fluency):** দ্রুত শব্দ ব্যবহারের ক্ষমতা।
3. **N (Numerical Ability):** সংখ্যাগত বা গাণিতিক ক্ষমতা।
4. **S (Spatial Ability):** স্থানিক বা দেশগত ধারণা।
5. **M (Associative Memory):** স্মৃতিশক্তি বা মনে রাখার ক্ষমতা।
6. **P (Perceptual Speed):** প্রত্যক্ষণের গতি।
7. **R (Reasoning):** যুক্তি নির্ণয়ের ক্ষমতা।

### ঘ) গার্ডনারের বহুমুখী বুদ্ধি তত্ত্ব (Gardner's Theory of Multiple Intelligences - 1983)

হাওয়ার্ড গার্ডনার তাঁর *'Frames of Mind'* গ্রন্থে ৮ প্রকার বুদ্ধির কথা উল্লেখ করেছেন:

- ভাষাগত (Linguistic),
- যৌক্তিক-গাণিতিক (Logical-Mathematical),
- স্থানিক (Spatial),
- শারীরিক-গতিমূলক (Bodily-Kinesthetic),
- সংগীতমূলক (Musical),
- আন্তঃব্যক্তিক (Interpersonal - অন্যদের বোঝা),
- অন্তর্ব্যক্তিক (Intrapersonal - নিজেকে বোঝা), এবং
- প্রকৃতিবাদী (Naturalistic)।

### ঙ) স্টার্নবার্গের ট্রায়ার্কিক তত্ত্ব (Sternberg's Triarchic Theory)

রবার্ট স্টার্নবার্গ বুদ্ধিকে তিনটি ভাগে ভাগ করেছেন:

1. বিশ্লেষণাত্মক বুদ্ধি **(Componential / Analytical Intelligence):** সমস্যা সমাধান ও তথ্যের বিশ্লেষণ করা।
2. সৃজনশীল বুদ্ধি **(Experiential / Creative Intelligence):** নতুন ধারণা বা আবিষ্কারের ক্ষমতা।
3. ব্যবহারিক বুদ্ধি **(Contextual / Practical Intelligence):** দৈনন্দিন জীবনের সাথে খাপ খাইয়ে চলা (যাকে আমরা 'Street Smart' বলি)।

# ৫. বুধ্যাঙ্ক বা IQ (Intelligence Quotient)

বুধ্যাঙ্ক হলো কোনো ব্যক্তির বুদ্ধির পরিমাপের একটি গাণিতিক সূচক।

- ধারণার জনক: ১৯১২ সালে জার্মান মনোবিজ্ঞানী উইলিয়াম স্টার্ন **(William Stern)** প্রথম IQ-এর ধারণা দেন।
- আধুনিক সূত্র: ১৯১৬ সালে লুইস টারম্যান **(Lewis Terman)** স্ট্যানফোর্ড-বিনে স্কেলে সূত্রটি সংশোধন করে ১০০ দিয়ে গুণ করার পদ্ধতি চালু করেন।

  সূত্র: IQ = MA / CA X 100
- **MA = Mental Age (মানসিক বয়স):** কোনো শিশু বুদ্ধির পরীক্ষায় যে বয়সোপযোগী কার্যক্ষমতা দেখায়।
- **CA = Chronological Age (প্রকৃত বয়স):** জন্মসূত্রে শিশুর বর্তমান বয়স।

উদাহরণ: একটি ১০ বছরের শিশুর মানসিক বয়স যদি ১২ বছর হয়, তবে তার IQ হবে:

IQ = 12/10x100 = 120

**IQ-**এর শ্রেণিবিভাগ **(Terman-**এর তালিকা অনুযায়ী**):**

| **IQ-**এর সীমা | বুদ্ধির স্তর **(Classification)** |
|---|---|
| ১৪০ বা তার বেশি | প্রতিভাবান (Gifted / Genius) |
| ১২০ - ১৩৯ | অতি উচ্চ বুদ্ধি সম্পন্ন (Very Superior) |
| ১১০ - ১১৯ | উচ্চ বুদ্ধি সম্পন্ন (Superior) |
| ৯০ - ১০৯ | সাধারণ বা গড় বুদ্ধি সম্পন্ন (Average) |
| ৮০ - ৮৯ | গড়পড়তার নিচে বা ধীরগতিসম্পন্ন (Dull / Below Average) |
| ৭০ - ৭৯ | সীমান্ত রেখায় অবস্থিত (Borderline) |
| ৭০-এর নিচে | মানসিক প্রতিবন্ধী বা বুদ্ধিসঙ্গত অক্ষমতা (Intellectual Disability) |

# WB TET-এর জন্য কিছু Quick Tips :

- বুদ্ধির পরিমাপের প্রথম সফল পরীক্ষা তৈরি করেছিলেন আলফ্রেড বিনে **(Alfred Binet)** এবং থিওডোর সাইমন (১৯০৫ সালে)। তাই বিনেকে "বুদ্ধি পরিমাপের জনক" বলা হয়।
- মানসিক বয়স **(Mental Age)** ধারণাটি প্রথম ব্যবহার করেন আলফ্রেড বিনে (১৯০৮ সালে)।
- বুদ্ধির 'আদর্শায়িত কাঠামো তত্ব' **(Structure of Intellect - SOI)** বা ত্রিমাত্রিক তত্ত্বের প্রবক্তা হলেন জে. পি. গিলফোর্ড **(J. P. Guilford)**। তাঁর তত্ত্বে প্রথমে ১২০টি, পরে ১৫০টি এবং বর্তমানে ১৮০টি উপাদানের কথা বলা হয়েছে।
- বুদ্ধির প্রবাহী ও স্ফটিকাকার তত্ব **(Fluid and Crystallized Intelligence)** দিয়েছিলেন রেমন্ড ক্যাটেল **(Raymond Cattell)**।